Arpita Chanda 9.8.19

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 1st Term Test – 2019

**Sub: Bengali (Model Answer )** **Class: 11** A2, B, C, D **F.M: 80**

**Duration: 3 hours 15 minutes** **Date: 2.8.2019**

বিভাগ-ক

১ সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ ১×১৮=১৮

১.১ শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রকাশিত হয় কবে?-- গ) ১৯১৬

১.২ চর্যাপদ আবিষ্কৃত হয় কবে?-- ক)১৯০৭

১.৩ "স্বর্গে ইঁদুর-বাহন প্লেগ পাছে ওঠে"- স্বর্গ কী?-- গ)ইউরোপ

১.৪ "কর্তার ভূত"গল্পটির মূল গ্রন্থ হল-- খ) লিপিকা

১.৫ ভূতের রাজত্বে যারা কান মলা খায় তারা হল-- খ) স্বভাবদোষে যারা ভাবতে যায়

১.৬ ভূতের জেলখানার ঘানি থেকে কী বের হয়?-- গ)মানুষের তেজ

১.৭ লালনের গানগুলিকে কী বলা হয়?-- ক) বাউলসঙ্গীত

১.৮ ভূতের রাজত্বে যা বজায় থাকে তা হল-- ঘ) শান্তি

১.৯ কোন মাছ দেখে লেখকের হাঙরের বাচ্চা মনে হয়েছিল?-- খ)বনিটো

১.১০ 'নুন' কবিতার মূল গ্রন্থ হল-- খ) ভুতুমভগবান

১.১১ পড়শী ছুঁলে কী হবে?-- খ)যম-যাতনা দূরে যাবে

১.১২' সুয়েজখালেঃহাঙ্গর শিকার' প্রবন্ধটির মূল গ্রন্থ হল-- গ) পরিব্রাজক

১.১৩ ' শিক্ষার সার্কাস' কবিতাটির অনুবাদক হলেন--ঘ) উৎপলকুমার বসু।

১.১৪ 'আরশি' শব্দের অর্থ কী?-- ক) আয়না

১.১৫ পৃথিবীর বৃহত্তম ভাষাবংশ হল-- ক)ইন্দো-ইউরোপীয়

১.১৬ দ্বিতীয় বিদ্যাপতি বলা হয়-- গ) গোবিন্দদাস

১.১৭ ভূতের জেলখানার দারোগা কে?-- গ) ভূতের নায়েব

১.১৮ কার উৎসাহে হাঙ্গর ধরার উপকরণ জোগাড় হল?-- ক)আরবি মিঞা

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ শ্রীকৃষ্ণকীর্তন –এর পুথি টি কোথা থেকে কে আবিস্কার করেন?

-বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ১৯০৯ সালে বাঁকুড়া জেলার কাঁকিল্যা গ্রামের দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের গোয়ালঘরের মাচা থেকে আবিস্কার করেন।

২.২ চর্যাপদের –এর পুথি টি কোথা থেকে কে আবিস্কার করেন?

-হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবার থেকে আবিস্কার করেন।

২.৩ সন্ধ্যা ভাষা কাকে ও কেন বলা হয়?

-চর্যাপদের ভাষাকে সন্ধ্যা ভাষা বলে।সন্ধ্যা শব্দের অর্থ সম্যক ধ্যান ও সন্ধ্যার সময়ের আলো আঁধারি থাকে।চর্যার ভাষাতেও এই আবছায়া রয়েছে এবং চর্যার ভাষা সাধনার দ্বারা অর্জন করতে হয়।

২.৪ "গাছের মধ্যে আজও এই চলার আভাস প্রচলিত"—কোন চলা সম্পর্কে এরূপ উক্তি করা হয়েছে?

-সৃষ্টির প্রথম চক্ষুহীন কীটানুদের চোখ বুজে চলার কথা বলা হয়েছে।

২.৫ "মানুষও বাগে পেলে ওদের ছাড়ে না"—কাদের কথা বলা হয়েছে?

- হাঙর ও সাপের কথা বলা হয়েছে।

২.৬ চর্যাপদের মোট পদসংখ্যা কতগুলি? চর্যাপদ কোন সময়পর্বে রচিত হয়?

- হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদে পদসংখ্যা ছিল সাড়ে ছেচল্লিশটি। পরবর্তী কালে প্রবোধচন্দ্র বাগচী আবিষ্কৃত পুথিতে পদসংখ্যা ছিল একান্নটি। চর্যাপদ দশম থেকে দ্বাদশ শতকের মধ্যে রচিত হয়েছিল।

২.৭ "ওর মাংস লাল ও বড় সুস্বাদু"—কার সম্পর্কে এই উক্তি?

- বনিটো মাছ সম্পর্কে এই উক্তি।

২.৮ সব শ্রেণি শেষ হয়ে গেলে কবি কোথায় যাবেন?

- বস্তুজাগতিক সাফল্যের স্তরে প্রতিযোগিতার কথা বলা হয়েছে।

২.৯ "সব দিন হয় না বাজার; হলে, হয় মাত্রাছাড়া"—মাত্রাছাড়া বাজার বলতে কি বোঝানো হয়েছে?

- বাজার থেকে গোলাপচারা কিনে আনার প্রসঙ্গটি বলা হয়েছে।

২.১০ বাংলা সাহিত্যের অন্ধকারময় যুগ কোন সময় কে বলা হয় এবং কেন?

- তুর্কি আক্রমনের ফলে ত্রয়োদশ শতক থেকে চতুর্দশশতক পর্যন্ত বাংলা সাহিত্যের কোন লিখিত ইতিহাস পাওয়া যায় না,তাই এই সময়কে অন্ধকারময় যুগ বলা হয়।

২.১১ সমগোত্রজ ভাষা বলতে কি বোঝ?

- একই বংসজাত ভাষা কে বলে সমগোত্রজ ভাষা।

২.১২ অবর্গীভূত ভাষা কাকে বলে?

- যে ভাষাগুলিকে ভাষার প্রচলিত বর্গের অর্ন্তভুক্ত করা যায় না তাদের অবর্গীভূত ভাষা বলে। যেমন চিনীয় ভাষা।

## বিভাগ-খ

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৩.১ ভূতগ্রস্ত দেশ কোন আদিম আভিজাত্য অনুভব করে?

-- দেশের তত্ত্বজ্ঞানীদের কথা শুনে তারা মনে করে তার আদিম চক্ষুহীন কীটানুদের বংশধর।এই বিষয়টি বিস্তৃত ভাবে লিখতে হবে।

৩.২ "দেশের লোক ভারি নিশ্চিন্ত হল"—দেশের লোকের নিশ্চিন্ত হবার কারণ কি?

-- বুড়ো কর্তা মৃত্যুর পরও ভুত হয়ে দেশের মানুষের ঘারে চেপে থাকার বিষয়টি।এই বিষয়টি বিস্তৃত ভাবে লিখতে হবে।

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ "উপযুক্ত শিক্ষা দিলে কিনা তার খবর পাই নি"—কাকে উপযুক্ত শিক্ষা দেওয়ার কথা বলা হয়েছে? উপযুক্ত শিক্ষা দেওয়ার কারণ টি কী তা নিজের ভাষায় বর্ণনা করো।

--আড়কাঠি মাছ বা পাইলট ফিস সম্পর্কে। (দ্রষ্টব্যঃ সাহিত্যচর্চা।পৃষ্ঠা সংখ্যা-২৪-২৫)

৪.২ হাঙ্গর ধরার প্রথম চেষ্টা কি সফল হয়েছিল?প্রবন্ধানুসারে তার বিবরণ দাও।

না সফল হয় নি।(দ্রষ্টব্যঃ সাহিত্যচর্চা।পৃষ্ঠা সংখ্যা-২৪-২৫)

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৫.১ লালন ফকির পড়শির দেখা পান না কেন,তা 'বাড়ির কাছে আরশিনগর' কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো।

-- জাগতিক চওয়া-পাওয়ার বেড়াজাল আটকে রাখে আমাদের—এই বিষয়টি বিস্তৃত ভাবে লিখতে হবে।

৫.২ 'নুন' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

-- নামকরণের পক্ষে অথবা বিপক্ষে যুক্তিক্রম সাজিয়ে লিখতে হবে।

৫.৩ "আমাদের শুকনো ভাতে লবণের ব্যবস্থা হোক"—বক্তা কে?বক্তার এরূপ দাবীর কারণ কী তা নিজের ভাষায় ব্যাখ্যা করো।১+৪

--বক্তা এখানে নিম্নমধ্যবিত্ত মানুষদের প্রতীক হিসাবে কবি নিজেই।কবিতা অবলম্বনে ব্যাখ্যা করতে হবে।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ    ৫×১=৫**

৬.১ "এক,দুই,তিন-চার"—এই গণনার তাৎপর্য কী?

-- শিক্ষাব্যবস্থায় শ্রণি উত্তরণের প্রাসঙ্গিকতার বিষয়টি ব্যাখ্যা করতে হবে৷

৬.২ 'শিক্ষার সার্কাস' কবিতায় বর্তমান শিক্ষাব্যবস্থার যে চিত্র বর্ণিত হয়েছে,তা নিজের ভাষায় লেখো৷

--বর্তমান শিক্ষাব্যবস্থার মধ্যে কোন জ্ঞানের আলোক নেই শুধু শ্রেণি উত্তরণ৷—এই বিষয়টিকে বিস্তৃত ভাবে লিখতে হবে৷

**৭ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ    ৫×২=১০**

৭.১ "তার রাগটা কীরকম দেখবার জন্যই তো এ কাজ করেছি"-বক্তা কে?কার রাগের কথা বলা হয়েছে?তার রাগটা দেখার জন্য বক্তা কী করেছিল?(১+১+৩)

- একজটা দেবীর রাগের কথা বলা হয়েছে৷(দ্রষ্টব্যঃ সাহিত্যচর্চা৷পৃষ্ঠা সংখ্যা-৬৫)

৭.২" পঞ্চক চরিত্রটি অচলায়তনের অন্যান্য বালকদের থেকে হয়ে উঠেছে স্বতন্ত্র"—মন্তব্যের পক্ষে বা বিপক্ষে যুক্তি বিণ্যস্ত করে ব্যাখ্যা করো৷

--গুরু নাটক অবলম্বনে পঞ্চক চরিত্রটি ব্যাখ্যা করতে হবে৷

৭.৩ "তোমরা বোঝা বয়ে মর,আমি হালকা হয়ে বসে আছি"—কার প্রতি,কার উক্তি?বক্তার এরূপ উক্তির কারণ কি? ১+৪

-- জয়োত্তম এর প্রতি পঞ্চকের উক্তি৷পঞ্চকের মুক্ত জীবনদর্শন গুরু নাটক অবলম্বনে লিখতে হবে৷

**৮ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ    ৫×২=১০**

৮.১ চর্যাপদের  সাহিত্যমূল্য কী তা সংক্ষেপে লেখো৷

-- দ্রষ্টব্য বাংলা ভাষা ও সংস্কৃতি৷পৃষ্ঠা-১১৷

৮.২ বাংলা সাহিত্যের ইতিহাসে গোবিন্দদাস কবিরেজের অবদান বর্ণনা করো৷

-- দ্রষ্টব্য বাংলা ভাষা ও সংস্কৃতি৷পৃষ্ঠা-৩৩৷

৮.৩ বাংলা সাহিত্যের ইতিহাসে শ্রীকৃষ্ণকীর্তনের অবদান সংক্ষেপে বিবৃত করো৷

-- দ্রষ্টব্য বাংলা ভাষা ও সংস্কৃতি৷পৃষ্ঠা-১২-১৩৷

**৯ অনধিক ১৫০ শব্দে  প্রশ্নটির উত্তর দাওঃ    ৫×১=৫**

৯.১ ভাষার রূপতত্ত্ব অনুযায়ী শ্রেণিবিভাগ গুলি উল্লেখ করো৷

-- দ্রষ্টব্য বাংলা ভাষা ও সংস্কৃতি৷পৃষ্ঠা-০১-০২৷